



নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৩.১৫/ ২২৫৭

তারিখ:

০৬/০৮/২০২১ বঙ্গাব্দ  
২১/০৮/২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: ১৯তম English Language Teaching (ELT) course -এ প্রশিক্ষণার্থী মনোনয়ন ও প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী: ২২ মে, ২০২২ খ্রি. থেকে ০২ জুন, ২০২২ খ্রি. মেয়াদে (১২দিন ব্যাপী) মাধ্যমিক বিদ্যালয়ের ইংরেজি বিষয়ের শিক্ষকদের জন্য আয়োজিত কোর্সটি রাজশাহী জেলার অন্তর্ভুক্ত ১) রাজশাহী সদর ২) কাপ্তাই ৩) বরকল ৪) লংগদু ও ৫) কাউখালী উপজেলার এই ০৫টি ভেন্যুতে একযোগে অনুষ্ঠিত হবে। এজন্য তাঁর আওতাধীন উল্লিখিত ০৫টি উপজেলা হতে একটি করে প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ করে (সার্বক্ষণিক বিদ্যুৎ ও স্যানিটরিয়া সুবিধাসহ) এবং মাধ্যমিক পর্যায়ের সরকারি/এমপিওভুক্ত (মাধ্যমিক, নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসা) শিক্ষা প্রতিষ্ঠান থেকে অগ্রাধিকার বিবেচনায় অনধিক ৩ জন করে মোট ৩০ জন এমপিওভুক্ত ইংরেজি বিষয়ের শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি:

১. প্রশিক্ষণ শুরুর দিন ৮.৩০টার মধ্যে ভেন্যুতে উপস্থিত হয়ে নিবন্ধন করতে হবে। প্রতিদিন সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত প্রশিক্ষণ চলবে। প্রশিক্ষণার্থীগণকে পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, সর্বশেষ এমপিও-এর কটোকপি এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত ছাড়পত্র, ৬ষ্ঠ থেকে দশম শ্রেণীর ইংরেজি বিষয়ের পাঠ্যপুস্তক ও ব্যাপটপ সঙ্গে আনতে হবে;
২. প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণকে বিধি মোতাবেক প্রশিক্ষণ ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। বেসরকারি প্রতিষ্ঠানের সহকারী শিক্ষকগণকে প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে এ কোর্সে অংশগ্রহণের অনুমতিপত্র সঙ্গে আনতে হবে। **বেসকল শিক্ষকগণ এমপিওভুক্ত হননি তাঁরা এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;**
৩. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর স্মারক নম্বর মাউশি প্র/বা-ইউ/৫২৮০ তারিখ: ১০-০১-১৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত শিক্ষকগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাঁর প্রতিষ্ঠান থেকে তাত্ক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৪. শারীরিক অসুস্থতা (ঠাণ্ডা, জ্বর থাকলে) এবং যে সমস্ত শিক্ষকগণের বয়স ৫৮ বৎসর অতিক্রম করেছে বা পূর্বে এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
৫. কোনো যৌক্তিক কারণে এ প্রশিক্ষণে অংশগ্রহণে অসমর্থ হলে তাঁর পরিবর্তে প্রতিষ্ঠানের অন্য শিক্ষককে মনোনয়ন দেয়া যাবে যদি তিনি উপরোক্ত শর্তসমূহ পূরণ করে থাকেন এবং স্বাস্থ্যবিধি মেনে উপরোক্ত কোর্সটি সম্পন্ন করতে বাধ্য থাকবেন;
৬. প্রশিক্ষণ সম্পর্কিত কোন বিষয় জানানোর প্রয়োজন হলে এ কোর্সের কোর্স পরিচালক, জনাব মোঃ আব্দুল মান্নান চৌধুরী, উপপরিচালক (প্র. ও বা.), সেল নম্বর: ০১৭১২৬১২৯৯২ অথবা কোর্স সমন্বয়ক জনাব শাহ মোঃ আক্বুল মাবুদ, টিচার ট্রেনার, সেল নম্বর: ০১৭১২৬৬৪৭২৭ ও জনাব মুহাম্মদ কামরুল আহসান, টিচার ট্রেনার, সেল নম্বর ০১৭১২৮৭২১৯৫ এ যোগাযোগ করা যেতে পারে;
৭. আসন্নপত্র খানা ন্যামে-এর ওয়েবসাইট ([www.naem.gov.bd](http://www.naem.gov.bd))--এ পাওয়া যাবে।

উল্লিখিত কোর্সে মনোনীত প্রশিক্ষণার্থীগণের তালিকা (নাম, পদবী, মোবাইল নম্বর ও প্রতিষ্ঠানের নাম ইংরেজিতে) এবং প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ করে আগামী ২৮-এপ্রিল, ২০২২খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত এবং সফট কপি (Pdf ও MS-Word Format-এ) [ttmabud.naem@gmail.com](mailto:ttmabud.naem@gmail.com) এবং [ttkamrul.naem@gmail.com](mailto:ttkamrul.naem@gmail.com) ঠিকানায় প্রেরণ করতে অনুরোধ করা হলো।

( প্রফেসর ড. তাহসিনা আক্তার )  
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন),  
ন্যামে  
ফোন: ০২ ৫৫১৬৭৫৩০

নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৩.১৫/ ২২৫৭ (২৫)

তারিখ:

০৬/০৮/২০২১ বঙ্গাব্দ  
২১/০৮/২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (ক্ষেত্রে তার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ২-৫। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, ন্যামে, ঢাকা;
- ৬। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, চট্টগ্রাম অঞ্চল (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ৭। জেলা প্রশাসক, রাজশাহী;
- ৮। পুলিশ সুপার, রাজশাহী;
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ১০। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, চট্টগ্রাম অঞ্চল (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ১১। জেলা শিক্ষা কর্মকর্তা, রাজশাহী (আবাসন ও প্রশিক্ষকগণের ভেন্যুতে যাতায়াত বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ১২। সহকারী পরিচালক (অর্থ), ন্যামে, ঢাকা;
- ১৩। প্রোগ্রামার, ন্যামে (আসন্নপত্রটি ন্যামে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১৪। মহাপরিচালক, ন্যামে-এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
- ১৫। রূপকল্প সেল;
- ১৬। অফিস নথি।

( মোঃ আব্দুল মান্নান চৌধুরী )  
উপপরিচালক (প্র. ও বা.)  
ও  
কোর্স পরিচালক  
মোবাইল: ০১৭১২৬১২৯৯২